## MAMAK

## বুয়েটের ভর্তি পরীক্ষা শুরু ২০ মে

প্রকাশ: ১০ ফেব্রুয়ারি ২৩। ২০:৪২ | আপডেট: ১০ ফেব্রুয়ারি ২৩। ২০:৪২

## বিশ্ববিদ্যালয় প্রতিবেদক



ফাইল ছবি

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ২০২২-২৩ শিক্ষাবর্ষের স্নাতক প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা ২০ মে শুরু থেকে করার সুপারিশ করেছে বিশ্ববিদ্যালয়ের ভর্তি কমিটি। বুধবার (৮ ফেব্রুয়ারি) বুয়েটের ভর্তি কমিটির সভায় এ সুপারিশ করা হয়।

জানা গেছে, বুয়েটের শিক্ষা পরিষদের (একাডেমিক কাউন্সিল) সভায় বিষয়টি চূড়ান্ত হবে। শিগগিরই সেই সভা অনুষ্ঠিত হবে। প্রাক নির্বাচনী পর্বে অংশ নিতে পারবেন ১৮ হাজার শিক্ষার্থী। এই পর্বে উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে ৬ হাজার জন ভর্তি পরীক্ষার চূড়ান্ত পর্বে অংশ নেওয়ার সুযোগ পাবেন। বুয়েটের ছাত্রকল্যাণ পরিদপ্তরের পরিচালক মিজানুর রহমান জানান, আগামী ২০ মে বুয়েটের প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার প্রাক-নির্বাচনী পর্ব শুরু হবে। আর ১০ জুন পরীক্ষার চূড়ান্ত পর্ব আয়োজনের সুপারিশ করেছে ভর্তি কমিটি। বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিলের সভায় ভর্তি পরীক্ষার তারিখ চূড়ান্ত হলে বিস্তারিত তথ্য বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করা হবে।

## © সমকাল ২০০৫ - ২০২৩

ভারপ্রাপ্ত সম্পাদক : মোজাম্মেল হোসেন। প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন : +৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: samakalad@gmail.com